সংবাদ

তারিখ ... 23 AUG 2009 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

www.sangbad.net/www.thedailysangbad.com

# ঢাকায় সোয়াইন ফ্লু : দুটি স্কুল বন্ধ

বাকী বিল্লাহ

সোয়াইন ফ্লু আতঙ্কে রাজধানীর বেসরকারি অভিজাত শিক্ষা প্রতিষ্ঠান স্কলাস্টিকা ও সানবীমস স্কুল অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। এসব শিক্ষা প্রতিষ্ঠানের ২/৩ ছাত্র সোয়াইন ফ্লু ভাইরাসে আক্রান্ত হওয়ার পর গতকাল শনিবার বিকেলে স্কুল কর্তৃপক্ষ এ ব্যবস্থা নিয়েছে। সরকারি হিসাবে গতকাল পর্যন্ত সারাদেশে ১০২ জন সোয়াইন ফ্লুতে আক্রান্ত হয়েছে। এর মধ্যে ৩ জনকে গুরুতর অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়েছে। সোয়াইন ফ্লু ঠেকাতে ঢাকা সিটি করপোরেশনের ৯৫টি স্বাস্থ্য কেন্দ্রের ২শ' ডাক্তারকে জরুরি ভিত্তিতে চিকিৎসা প্রশিক্ষণ দেয়া হয়েছে। এছাড়াও অন্যান্য বিভাগীয় শহরে সোয়াইন ফ্লু প্রতিরোধ করতে সব স্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসককে জরুরি ভিত্তিতে চিকিৎসা প্রশিক্ষণ দেয়ার কাজ শুরু হয়েছে।

মহাখালী রোগ নিয়ন্ত্রণ শাখা সূত্র জানায়, অভিজাত শিক্ষা প্রতিষ্ঠান স্কলাস্টিকার ২/৩ ছাত্র সোয়াইন ফ্লুতে আক্রান্ত হয়েছে। গতকাল স্কুল কর্তৃপক্ষ এটা নিশ্চিত হওয়ার পর বিকেল সাড়ে ৫টার দিকে স্কলাস্টিকা শিক্ষা প্রতিষ্ঠানের সব শাখা ও ধানমণ্ডি ২৭ নম্বরের সানবীমস স্কুলের ১ ছাত্র সোয়াইন ফ্লুতে আক্রান্ত হওয়ায় ওই প্রতিষ্ঠানটির শিক্ষা কার্যক্রম অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। স্কলাস্টিকা শিক্ষা প্রতিষ্ঠানের সাবরেজিস্ট্রার শহিদুল ইসলাম 'সংবাদ'কে ফোনে সোয়াইন ফ্লু আতঙ্কের কারণে গতকাল বিকেলে তাদের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণার কথা নিশ্চিত করেন।

স্কলাস্টিকার ২ শিক্ষার্থীর অভিভাবক ডা. নাসিমা সুলতানা 'সংবাদ'কে ফোনে জানান, গতকাল বিকেলে তার মোবাইলে স্কলাস্টিকা বন্ধের মেসেজ পাঠানো হয়েছে। ওই মেসেজে বলা হয়েছে, সোয়াইন ফ্লু আতঙ্কের কারণে স্কুল বন্ধ ঘোষণা করা হয়েছে। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত স্কলাস্টিকা বন্ধ থাকবে। এদিকে সানবীমস স্কুলের ১ ছাত্রীর অভিভাবক ডা. জাকিয়া সুলতানা 'সংবাদ'কে জানান, স্কুল কর্তৃপক্ষ গতকাল সকালে তার মোবাইল ফোনে মেসেজ পাঠিয়ে স্কুল বন্ধের কথা জানান।

জানা গেছে, সানবীমস স্কুলের ১ শিক্ষার্থী সোয়াইন ফ্লুতে আক্রান্তের বিষয়টি সোয়াইন ফ্লু : পৃষ্ঠা : ২ ক : ৪

## সোয়াইন ফ্লু : ঢাকায়

(১ম পৃষ্ঠার পর)

নিশ্চিত হওয়ার পর এ শিক্ষা প্রতিষ্ঠানটি বন্ধ ঘোষণা করা হয়েছে।

বিশেষজ্ঞ সূত্র জানায়, নয়া ভাইরাসজনিত রোগ সোয়াইন ফ্লু সম্প্রতি ভারতে ব্যাপক আকারে ছড়িয়ে পড়ার পর থেকে মহাখালী স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃপক্ষ খুব সতর্কতার সঙ্গে এ রোগ প্রতিরোধে জরুরি ভিত্তিতে প্রস্তুতি নেয়। তাদের মতে, ভারত থেকে বাংলাদেশে এ রোগ ব্যাপক আকারে ছড়িয়ে পড়ার আশঙ্কায় নতুন করে দেশের শীর্ষ স্থানীয় ৯টি কোম্পানিতে সোয়াইন ফ্লু চিকিৎসার ওষুধ তৈরির নির্দেশ দেয়া হয়। এছাড়া সারাদেশের সব মেডিকেল কলেজ হাসপাতাল ও হাসপাতাল এবং স্বাস্থ্য কেন্দ্রে বিশেষ ওয়ার্ড চালু করা হয়েছে, চিকিৎসা গাইড লাইন দেয়া হয় ৫ হাজারের বেশি ডাক্তারকে। সব সিটি করপোরেশনে স্বাস্থ্য কেন্দ্রগুলোতে গতকাল থেকে প্রশিক্ষণ কোর্স চালু করা হয়েছে।

মহাখালী রোগ নিয়ন্ত্রণ শাখা সূত্র জানায়, সোয়াইন ফ্লু ঠেকাতে দেশের সব সীমান্ত ও বিমানবন্দরসহ ১১টি পয়েন্টে সতর্কতা জারি করা হয়েছে, বসানো হয়েছে চেকপোস্ট। সেখানে বিদেশ ফেরত লোকজনকে পরীক্ষা করা হচ্ছে। মহাখালী রোগ তথ্য, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা শাখার সোয়াইন ফ্লু বিশেষজ্ঞ ডা. আলমগীর জানান, সারাবিশ্বে গত এপ্রিল মাস থেকে সোয়াইন ফ্লু ভাইরাস দেখা দেয়। গত ১১ জুন বিশ্ব স্বাস্থ্য সংস্থা এ ভাইরাসকে মহামারী ঘোষণা করে। গত ১৯ জুন বাংলাদেশে সর্বপ্রথম সোয়াইন ফ্লু ভাইরাস আক্রান্ত রোগী শনাক্ত করা হয়।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ 'সংবাদ'কে ফোনে জানান, সোয়াইন ফ্লু'র কারণে ২টি শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করা হলেও এ ব্যাপারে তাদের সঙ্গে মন্ত্রণালয়ের কোন যোগাযোগ হয়নি। তিনি বিষয়টি নিয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রীর সঙ্গে কথা বলেছেন বলে জানান।